

দোলে

দোলে দোলে দোলে রে
এই নৌকা দোলে
আকাশ কাঁপে বাতাস কাঁপে
হিয়া অঙ্গ দোলে রে
এই নৌকা দোলে।

শ্রাবণ মাসে ভরা গাঙে
আগের নৌকা পিছে টানে
হালের মাঝি কূলের নিশান
ভোলে রে
এই নৌকা দোলে।
দোলাও আরও জোরে দোলাও
লাজ লজ্জা সবই ভোলাও
ঝাঁপ দেব মাঝ নদীর
কোলে রে
এই নৌকা দোলে।

সুনীল গঙ্গোপাধ্যায়

